

296930 - এমন উক্কির বিধান যেটা চামড়ার নীচে সুতা দিয়ে করা হয় এবং যে কোন সময় তুলে ফেলা যায়

প্রশ্ন

আমি জানতে চাই body stitching (শরীরে সুতা ঢুকানো) এটা কি আল্লাহর সৃষ্টিতে নিষিদ্ধ পরিবর্তনের অধিভুক্ত হবে; ইবলিস আল্লাহর বান্দাদের সাথে যা করার হুমকি দিয়েছে। সহজ কথায় সেটা হচ্ছে সাজসজ্জার এমন একটা পদ্ধতি যাতে কেবল হাতপায়ের মরা স্বচ্ছ চামড়ার নীচে সুই দিয়ে সুতা প্রবেশ করানো হয়। আমরা এর চেয়ে গভীরে চামড়ার স্তরগুলোর ভেতরে সুই প্রবেশ করাই না। এ পদ্ধতিতে সুই কোন ব্যথা দেয় না কিংবা সুই দিয়ে ফুঁড়ানোর পরেও চামড়াতে কোন ক্ষত তৈরী হয় না। তাছাড়া একই দিনে চামড়া থেকে সুতা খুলে ফেলা সম্ভব। এটি স্থায়ী নয়। তাই আমি এটাকে উক্কির মত কিংবা ক্র ফ্লাকের মত মনে করি না; যেগুলো পূর্বোল্লিখিত হারামের অন্তর্ভুক্ত। আশা করি এ মাসয়ালাটি ক্লিয়ার করবেন।

প্রিয় উত্তর

আমরা এ সাজসজ্জার ব্যাপারে এ ভিডিও ক্লিপটি ছাড়া অন্য কিছু পাইনি:

<https://www.youtube.com/watch?v=RQ3p490mHog>

আমাদের কাছে বিষয়টি যেভাবে বুঝে এসেছে এবং যেভাবে আপনি প্রশ্নে উল্লেখ করেছেন অর্থাৎ এ সজ্জাটি হল মরা চামড়ার স্তরে সুই ঢুকিয়ে সুতা স্থাপন করা; যা স্থায়ী কিছু নয়; বরং একদিন বা দুইদিনের মাথায় তুলে ফেলা যায়; তাতে আমাদের কাছে প্রতীয়মান হচ্ছে এটি উক্কির অন্তর্ভুক্ত হবে না এবং এটা যদি স্বাস্থ্যের জন্য ক্ষতিকর না হওয়ার নিশ্চয়তা পাওয়া যায় তাহলে এতে কোন আপত্তি নাই।

ইতিপূর্বে আমরা 99629 নং প্রশ্নোত্তরে শর্ত সাপেক্ষে অস্থায়ী ট্যাট ব্যবহার করা জায়েয বলেছি।

এটি ট্যাটের চেয়ে বেশী কিছু নয়।

তবে এই সেলাই-এর সম্পৃক্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ে নজর দেয়া বাকী আছে। সেটা হল এই সেলাই যদি শরীরের ওয়ু ও পবিত্রতা অর্জনের স্থানগুলোতে স্থাপন করা হয়; যেমনটি আমরা ভিডিওতে দেখেছি; তাহলে সেটা চামড়াতে পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করবে এবং ওয়ু-গোসলের ক্ষেত্রে অঙ্গটি ধৌত করা অসম্ভব হবে।

যদি বাস্তবিকপক্ষে বিষয়টি এমন হয় তাহলে ওয়ুর অঙ্গে এটি স্থাপন করা জায়েয হবে না। যেহেতু এটা ভাবা যুক্তিসঙ্গত নয় যে, কেউ এটি স্থাপন করে প্রত্যেক নামাযের সময় এটা তুলে ফেলবে।

আল্লাহ্ই সর্বজ্ঞ।